তব   সিংহাসনের আসন হতে এলে তুমি নেমে—
মোর   বিজন ঘরের দ্বারের কাছে দাঁড়ালে  নাথ, থেমে ॥
একলা বসে আপন-মনে গাইতেছিলেম গান;
তোমার কানে গেল সে সুর, এলে তুমি নেমে,
মোর   বিজন ঘরের দ্বারের কাছে দাঁড়ালে নাথ, থেমে ॥
তোমার সভায় কত-না গান, কতই আছেন গুণী—
গুণহীনের গানখানি আজ বাজল তোমার প্রেমে !
লাগল সকল তানের মাঝে একটি করুণ সুর,
হাতে লয়ে বরণমালা এলে তুমি নেমে—
মোর   বিজন ঘরের দ্বারের কাছে দাঁড়ালে নাথ, থেমে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Mishra Barwan

Visit www.geetabitan.com for notation and other detail